

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

১৬. কী কী পদার্থ মিশ্রিত হলে পানি অপবিত্র হয়?

পেশাব, পায়খানা, রক্ত, বিমি, মদ, কুকুর ও শুকরসহ সকল প্রকার নাজাসাত অর্থাৎ নাপাক শ্রেণীর দ্রব্য। যে পানিতে নাপাকি মিশেছে কিন্তু স্বাদ, গন্ধ ও রংঙের কোনটাই বদলায়নি এ ধরনের পানির পরিমাণ যদি দুই কুল্লার (অর্থাৎ ২০০ কেজির) কম হয় তাহলে এ পানি নাপাক। এটা ব্যবহার করা বৈধ নয়। আর যদি তা দু'শ কেজির বেশি হয় তাহলে উক্ত পানি পবিত্র। তখন এ পানি দিয়ে পবিত্রতা অর্জন করা জায়েয। ইবনে উমর (রা) বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ (স) বলেছেন,

"পানির পরিমাণ যখন দুই কুল্লার সমান পৌছে তখন তা নাপাক হয় না।" (আবু দাউদ: ৬৩) কোন ভালো পানিতে গাছের পাতা, সাবান, ওয়াশিং পাউডার জাতীয় পবিত্র কোন জিনিস মিশ্রিত হলে বিশুদ্ধ মত হলো, এ পানি দিয়ে ওযু-গোসল জায়েযে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12747

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন